

চাণক্য নীতি

তারাকুমার কবিরত্ন সম্পাদিত

॥চাণক্যনীতি॥

বিদ্বত্ত্বং চ নৃপত্বং চ নৈব তুল্যং কদাচন।

স্বদেশে পূজ্যতে রাজা বিদ্বান্ সৰ্বত্র পূজ্যতে॥ ১

বিদ্যা আর রাজপদ এই দুই বিষয়, কখনই এ জগতে তুল্যমূল্য নয়; কেবল আপন দেশে রাজা পূজা পায়, বিদ্বান্ পূজিত হয় যথায় তথায়। ১

পণ্ডিতে চ গুণাঃ সৰ্ব্বৈ মূৰ্খে দোষাশ্চ কেবলাঃ।

তস্মান্মুখসহস্ৰেভ্যঃ প্রাজ্ঞ একো বিশিষ্যতে॥ ২

বিদ্বান্ জানিবে সৰ্ব্বগুণের আধার, দোষের আধার শুধু, বিদ্যা নাহি যার; সে কারণে সহস্র সহস্র মুখ হ'তে, একজন বিদ্যাবান্ শ্রেষ্ঠ এ জগতে। ২

মাতৃবৎ পরদারেষু পরদ্রব্যেষু লোষ্ট্রবৎ।

আত্মবৎ সৰ্ব্বভূতেষু যঃ পশ্যতি স পণ্ডিতঃ॥ ৩

পরপত্নী হেরে যেই মাতার সমান, পরধনে লোষ্ট্রসম সদা যার জ্ঞান; সৰ্ব্বভূতে আত্মসম হৃদয়ের টান, তাকেই পণ্ডিত বলি' করিবে সম্মান। ৩

কিং কুলেন বিশালেন বিদ্যাহীনস্য দেহিনঃ।

শঅকুলীনোহপি শাস্ত্রজ্ঞো দৈবতৈরপি পূজ্যতে॥ ৪

উচ্চ বংশে জন্মলাভ করিলে কি হয়? বিদ্যাহীন হ'লে লোক কভু পূজ্য নয়; হীনের সন্তান যদি লভে শাস্ত্রজ্ঞান, দেবতাগণেও তারে করেন সম্মান। ৪

রূপযৌবনসম্পন্না বিশালকুলসম্ভবাঃ।

বিদ্যাহীনা ন শোভন্তে নির্গন্ধাইব কিংশুকাঃ॥ ৫

হ'লেও সুরূপ, যুবা, পরম কুলীন, তবু নাহি শোভে, যদি হয় বিদ্যাহীন; পলাশকুসুম দেখ! দেখিতে সুন্দর, গন্ধহীন বলি' তারে করে না আদর। ৫

শৰ্ব্বরীভূষণং চন্দ্রো নারীনাং ভূষণং পতিঃ।

পৃথিবীভূষণং রাজা বিদ্যা সৰ্ব্বস্য ভূষণম্॥ ৬

যামিনীর শোভা হয় শশাঙ্ক-কিরণে, পতির সোহাগে শোভা পায় নারীগণে; নৃপতির সুশাসনে রাজ্য শোভা পায়, সকলেই পায় শোভা বিদ্যার প্রভায়। ৬

কোহর্থঃ পুত্রেণ জাতেন যো ন বিদ্বান্ ন ভক্তিমান্।

কাণেন চক্ষুশা কিং বা চক্ষুঃ পীড়ৈব কেবলম্॥ ৭

বিদ্যাহীন ভক্তিহীন সে পুত্রে কি ফল? কানা চক্ষু থাকে সে ত কষ্টই কেবল। ৭

বরমেকো গুণী পুত্রো ন চ মূর্খশতান্যপি।

একশ্চন্দ্রস্তমো হস্তি ন চ তারাঃ সহস্রশঃ॥ ৮

একমাত্র পুত্র যদি গুণবান্ হয়, সেও ভাল, শত শত মূর্খ কিছু নয়; পুঞ্জ পুঞ্জ তারা দেখ! না হরে আঁধার,
এক চন্দ্র আলো করে জগৎ সংসার। ৮

লালয়েৎ পঞ্চঃ বর্ষাণি দশ বর্ষাণি তাড়য়েৎ।

প্রাণ্ডে তু ষোড়শে বর্ষে পুত্রে মিত্রবদাচরেৎ॥ ৯

পঞ্চ বর্ষ সন্তানেরে করিবে লালন, তার পর দশ বর্ষ করিবে তাড়ন; ষোড়শ বরষে যবে পড়িবে কুমার,
করিবে তাহার প্রতি মিত্র-ব্যবহার। ৯

লালনে বহবো দোষাস্তাড়নে বহবো গুণাঃ।

তস্মাৎ পুত্রং চ শিষ্যং চ তাড়য়েন্নতু লালয়েৎ॥ ১০

সন্তানে আদর দিলে বহু দোষ হয়, শাসনে অশেষ গুণ জানিবে নিশ্চয়; অতএব কিবা পুত্র কিবা ছাত্রগণে,
না দিবে আদর সদা রাখিবে শাসনে। ১০

একেনাপি সুবৃক্ষ্ণেণ পুষ্পিতেন সুগন্ধিনা।

বাস্যতে তদ্ বনং সর্বং সুপুত্রেণ কুলং যথা॥ ১১

সুবৃক্ষ একটিমাত্র হ'য়ে কুসুমিত, সৌরভে সমস্ত বন করে আমোদিত; তেমনি সুপুত্র যদি একটিও রয়,
সমস্ত বংশই তার গুণে ধন্য হয়। ১১

একেনাপি কুবৃক্ষ্ণেণ কোটরঞ্চে ন বহিনা।

দহ্যতে তদ্ বনং সর্বং কুপুত্রেণ কুলং যথা॥ ১২

একমাত্র কুবৃক্ষ, কোটরে অগ্নি যার, সব বন পোড়াইয়া করে ছারখার; একটিও পুত্র যদি হয় কুলাঙ্গার,
স্বদোষে সমস্ত বংশ করে ছারখার। ১২

মূর্খোহপি শোভতে তাবৎ সভায়াং বস্ত্রবেষ্টিতঃ।

তাবচ্চ শোভতে মূর্খো যাবৎ কিঞ্চিৎ ভাষতে॥ ১৩

মূর্খও সুসভ্য বেশ করিয়া ধারণ, গুণীর সভায় শোভে গুণীর মতন; কিন্তু তার সেই শোভা ততক্ষণ রয়,
যতক্ষণ সভামাঝে কথা নাহি কয়। ১৩

বিষাদপ্যমৃতং গ্রাহ্যমেধ্যাদপি কাঞ্চনম্।

নীচাদপ্যন্তমা বিদ্যা স্ত্রীরত্নং দুষ্কুলসাদপি॥ ১৪

বিষেও থাকিলে সুধা করিবে গ্রহণ, কুস্থান হ'তেও লোক লইবে কাঞ্চন; হীনজাতি হইতেও সুবিদ্যা শিখিবে,
কন্যারত্ন হীনবংশ হ'তেও লভিবে। ১৪

উৎসবে ব্যসনে চৈব দুর্ভিক্ষে শত্রুসঙ্কটে।

রাজদ্বারে শ্মশানে চ যস্তিষ্ঠতি স বান্ধবঃ॥ ১৫

উৎসব, ব্যসন কিম্বা দুর্ভিক্ষসময়, শ্মশান, রাজার দ্বার কিম্ব শত্রুভয়; এ সবে সহায় যার যেই জন হয়,
সে তার যথার্থ বন্ধু জানিবে নিশ্চয়। ১৫

পরোক্ষ কার্যহস্তারং প্রত্যক্ষে প্রিয়বাদিনম্।

বর্জয়েদ্যত্তো বন্ধুং বিষকুন্তং পয়োমুখম্॥ ১৬

সাক্ষাতে থাকিয়া মুখে কহে প্রিয় ভাষ, কিন্তু অসাক্ষাতে যেই করে সর্বনাশ; ত্যজিবে সেরূপ বন্ধু করিয়া
যতন, মুখে মধু বিষে ভরা কুস্তুর মতন। ১৬

শ্রয়তাং ধর্মসর্বস্বং শ্রুত্বা চ হৃদি ধার্য্যতাম্।

আত্মনঃ প্রতিকূলানি ন পরেযাং সমাচরেৎ॥ ১৭

সকল ধর্মের সার করহ শ্রবণ, শুনিয়া হৃদয়ে ইহা করহ ধরণ; অন্যে যা করিলে নিজ হৃদে পাও দুখ,
পর প্রতি সেই কার্যে হইও বিমুখ। ১৭

নির্গুণেষুপি সত্তেষু দয়াং কুর্বন্তি সাধবঃ।

ন হি সংহরতে জ্যেৎস্নাং চন্দ্রশচণ্ডলবেশুনি॥ ১৮

নির্গুণজনেও দয়া সাধুগণ করে; চন্দ্র কি দেয় না আলো চণ্ডলের ঘরে? ১৮

বিদ্যা মিত্রম প্রবাসেষু মাতা মিত্রং গৃহেষু চ।

ব্যাপ্তিস্যেযধং মিত্রং ধর্মো মিত্রং মৃতস্য চ॥ ১৯

মাতাই জানিবে বন্ধু আপন ভবনে, বিদ্যাই জানিবে বন্ধু বিদেশ-গমনে; ঔষধ রোগীর বন্ধু রোগ-নিবারণে,
ধর্মই সবার বন্ধু জীবনে মরণে। ১৯

মহূর্তমপি জীবেচ্চ নরঃ শুক্লেন কর্মণা।

ন কল্পমপি কষ্টেন লোকদয়বিরোধিনা॥ ২০

ইহকাল পরকাল বিনষ্ট করিয়া, কি ফল যুগান্তকাল জীবন ধরিয়া? নিরমল পুণ্য কর্ম করিয়া সাধন,
ক্ষণমাত্র বাঁচিলেও সার্থক জীবন। ২০

ন কশ্চিৎ কস্যচিনিত্রং ন কশ্চিৎ কস্যচিদ্রিপুঃ।

ব্যবহারেণ জায়ন্তে মিত্রাণি রিপবস্তথা॥ ২১

এ জগতে কেহ কারো শত্রু মিত্র নয়; ব্যবহারে শত্রু মিত্র পরিচয় হয়। ২১

দুর্জনঃ প্রিয়বাদী চেন্নৈতদ্ বিশ্বাকারণম্।

মধু তিষ্ঠতি জিহ্বাগ্রে হৃদি তস্য হলাহলম্॥ ২২

দুর্জন যদ্যপি অতি প্রিয় কথা কয়, তার সে কথায় নাহি করিও প্রত্যয়; জিহ্বার অগ্রেতে তার মধু সদা রয়,
কালকূটে ভরা কিন্তু জানিবে হৃদয়। ২২

দুর্জনঃ পরিহর্তব্যো বিদ্যায়াহলঙ্কৃতোহপি সন্।

মণিনা ভষিতঃ সর্পঃ কিমসৌ ন ভয়ঙ্করঃ॥ ২৩

দুর্জন যদ্যপি হয় বিদ্যায় ভূষিত; তথাপি বিশ্বাস তারে না হয় উচিত; যার শিরে শোভা করে মণি মনোহর,
বিষধর সে ফণী কি নহে ভয়ঙ্কর? ২৩

সর্পঃ ক্রুরঃ খলঃ ক্রুরঃ সর্পাৎ ক্রুরতরঃ খলঃ।

মন্ত্ৰৌষধিবশঃ সর্পঃ খলঃ কেন নিবার্যতে॥ ২৪

সর্প অতি ক্রুর জাতি, ক্রুর দুষ্ট জন, সর্প হ'তে দুষ্ট জন অধিক ভীষণ; মন্ত্ৰে বা ঔষধে হয় সর্পের দমন,
দুষ্ট জন কিছুতেই না মানে বারণ। ২৪

ত্যজ দুর্জন সংসর্গং ভজ সাধুসমাগমম্।

কুরু পুণ্যমহোরাত্রং স্মর নিত্যমণিত্যতাম্॥ ২৫

দুর্জনের সহবাস দূরে পরিহর, সাধুসঙ্গে চিরদিন সহবাস কর; সংসারের অনিত্যতা করহ স্মরণ,
অহোরাত্র পুণ্য কর্ম কর আচরণ। ২৫

অহোবত বিচিত্রাণি চরিত্রাণি মহাত্মনাম্।

লক্ষ্মীং তৃণায় মন্যন্তে তদ্ভারেণ নমস্তি চ॥ ২৬

মহাত্মার কি বিচিত্র চরিত্র এ ভবে! তৃণতুল্য জ্ঞান তাঁর অতুল বিভবে; যতই ঐশ্বর্য তাঁর হয় হস্তগত,
ততই বিনয়ে তিনি হন অবনত। ২৬

ধনানি জীবিতং চৈব পরার্থে প্রাজ্ঞ উৎসৃজেৎ।

সন্নিমিত্তে বরং ত্যাগো বিনাশে নিয়তে সতি॥ ২৭

পর-হিতে ধন প্রাণ যেই জন করে দান, তাঁহাকেই এ জগতে বুদ্ধিমান বলি; চিরদিন এই ভবে ধন প্রাণ নাহি
রবে, সুকার্যে সঁপিলে তবে সার্থক সকলি। ২৭

পরদারান্ পরদ্রব্যং পরীবাদং পরস্য চ।

পরিহাসং গুরোঃ স্থানে চাপল্যং চ বিবর্জয়েৎ॥ ২৮

পরপত্নী, পরদ্রব্য, করিবে বর্জন, পরনিন্দা কদাচ না করিবে কীর্তন; গুরুজন-সন্নিধানে হাস্য পরিহাস,
কিস্বা না করিবে কভু চাপল্য প্রকাশ। ২৮

যদি নিত্যমনিত্যেন নির্মলং মলবাহিনা।

যশঃ কায়েন লভ্যেত তন্ন লব্ধং ভবেন্নু কিম্॥ ২৯

দিয়া এই মলাধার বিনশ্বর দেহ, নিত্য নিরমল যশ লভে যদি কেহ; তবে সেই ভাগ্যবান তুচ্ছ ধন দিয়া,
অক্ষয় অমূল্য নিধি লইল কিনিয়া। ২৯

চলত্যেকেন পাদেন তিষ্ঠত্যেকেন বুদ্ধিমান্।

নাহসমীক্ষ্য পরং স্থানং পূর্বমায়তনং ত্যজেৎ॥ ৩০

এক পা বাড়ায়ে পুন থামে বুদ্ধিমান; পরস্থান না দেখি' ছাড়ে না পূর্বস্থান। ৩০

শরীরস্য গুণানাং চ দূরমত্যন্তমন্তরম্।

শরীরং ক্ষণবিধ্বংসি কল্পান্তস্থায়িনো গুণাঃ॥ ৩১

দেহে আর গুণে কভু তুলনা না হয়; ক্ষণিক এ দেহ, গুণ প্রলয়েও রয়। ৩১

অর্থনাশং মনস্তাপং গৃহে দুশ্চরিতানি চ।

বঞ্চনং চাহপমানং চ মতিমান্ ন প্রকাশয়েৎ॥ ৩২

অর্থনাশ, মনস্তাপ, গৃহের দূষণ, প্রতারণা, মানহানি ঢাকে বিজ্ঞজন। ৩২

ধনধান্যপ্রয়োগেষু তথা বিদ্যাগমেষু চ।

আহারে ব্যবহারে চ ত্যক্তলজ্জঃ সদা ভবেৎ॥ ৩৩

ধন ধান্য ইত্যাদির ক্রয় বা বিক্রয়, আর যাহে জ্ঞান বিদ্যা উপার্জন হয়; আহার অথবা যাহা লোকব্যবহার।

এ সবে করিবে সদা লজ্জা পরিহার। ৩৩

ধনিকঃ শ্রোত্রিয়ো রাজা নদী বৈদ্যশ্চ পঞ্চমঃ।

পঞ্চ যত্র ন বিদ্যন্তে তত্র বাসং ন কারয়েৎ॥ ৩৪

ধনী, রাজা, নদী, বৈদ্য, বেদজ্ঞ ব্রাহ্মণ, যে দেশে না আছে, তাহা করিবে বর্জন। ৩৪

যস্মিন্ দেশে ন সম্মানো ন বৃর্তিন চ বান্ধবঃ।

ন চ বিদ্যাগমঃ কশ্চিৎ তং দেশং পরিবর্জয়েৎ॥ ৩৫

জীবিকা, সম্মান, বিদ্যা, বন্ধু যথা নাই, সেই স্থান পরিত্যাগ করিবে সবাই। ৩৫

মনসা চিন্তিতং কর্ম্ম বচসা ন প্রকাশয়েৎ।

অন্যলক্ষিতকার্যস্য যতঃ সিদ্ধির্ন জায়তে॥ ৩৬

সঙ্কল্প করিবে যাহা নাহি প্রকাশিবে; অপরে জানিলে তাহে ব্যাঘাত ঘটিবে। ৩৬

দৃষ্টিপূতং ন্যসেৎ পাদং বস্ত্রপূতং জলং পিবেৎ।

শাস্ত্রপূতং বদেদ্বাক্যং মনঃপূতং সমাচরেৎ॥ ৩৭

ফেলিবে চরণ, পথ হেরিয়া নয়নে, পিবে জল নিরমল ছাঁকিয়া বসনে; শাস্ত্রের সঙ্গত সদা বলিবে বচন,

মনঃপূত করি কার্য করিবে সাধন। ৩৭

ঋণশেষোহগ্নিশেষশ্চ ব্যাধিশেষস্তথৈব চ।

পুনশ্চ বর্দ্ধতে যস্মাৎ তস্মাচ্ছেষণং ন কারয়েৎ॥ ৩৮

ঋণ, অগ্নি, আর ব্যাধি নিঃশেষ করিবে; রাখিলে এদের শেষ পুনশ্চ বাড়িবে। ৩৮

মূর্খা যত্র ন পূজ্যন্তে ধান্যং যত্র সুসঞ্চিতম্।

দম্পত্যোঃ কলহো নাস্তি তত্র শ্রীঃ স্বয়মাগতা॥ ৩৯

মূর্খগণে যেই স্থানে না পায় প্রশ্রয়, যতনে সঞ্চিত সদা ধান্য যথা রয়; স্ত্রীপুরুষে যথায় কলহ নাহি হয়,

আপনি কমলা তথা হয়েন উদয়। ৩৯

অস্তি পুত্রো বশে यस्य ভৃত্যো ভার্য্যা তথৈব চ।

অভাবে সতি সন্তোষঃ স্বর্গস্থোহসৌ মহীতলে॥ ৪০

তনয় যাহার সদা আঞ্জাবহ হয়, ভার্য্যা আর ভৃত্য সদা অনুরক্ত রয়; অভাবেও সদা রয় তুষ্টি যার মন, মর্ত্যেও স্বর্গেও সুখ ভুঞ্জে সেই জন। ৪০

দুষ্টা ভার্য্যাং শঠং মিত্রং ভৃত্যশ্চোত্তরদায়কঃ।

সসর্পে চ গৃহে বাসো মৃত্যুরেব ন সংশয়ঃ॥ ৪১

দুঃশীলা যাহার ভার্য্যা, মিত্র শঠ অতি, সমান উত্তর করে ভৃত্য যার প্রতি; আর যার সর্প সনে এক ঘরে বাস, নিশ্চয় জানিবে তার অবশ্য বিনাশ। ৪১

মাতা यस্য গৃহে নাস্তি ভার্য্যা চ প্রিয়বাদিনী।

অরণ্যং তেন গন্তব্যং যথারণ্যং তথা গৃহম্॥ ৪২

পরম আরাধ্যা মাতা যার গৃহে নাই, গৃহিণীর মুখে কটু বচন সদাই; গৃহ ছাড়ি' অরণ্যে সে করুক প্রস্থান, তার পক্ষে গৃহ আর অরণ্য সমান। ৪২

তে পুত্রা যে পিতুর্ভক্তাঃ স পিতা যস্ত পোষকঃ।

তন্মিত্রং যত্র বিশ্বাসঃ সা ভার্য্যা যত্র নির্বৃতিঃ॥ ৪৩

সেই পুত্র, পিতৃপদে দৃঢ় ভক্তি যার, সেই পিতা, লন যিনি পালনের ভার; সেই মিত্র, সদা যেই বিশ্বাসভাজন, সেই ভার্য্যা, শোক তাপ যে করে হরণ। ৪৩

কোকিলানাং স্বরো রূপং নারীরূপং পতিব্রতম্।

বিদ্যা রূপং কুরুপাণাং ক্ষমা রূপং তপস্বিনাম্॥ ৪৪

কোকিল সুন্দর হয় সুমধুর রবে, রমণী সুন্দর হয় সতীত্ব-গৌরবে; বিদ্যায় সুন্দর হয় কুরুপ যে নর, মুনিগণ ক্ষমাগুণ থাকিলে সুন্দর। ৪৪

অবিদ্যং জীবনং শূন্যং দিক্ শূন্যা চেদবাক্ষবা।

পুত্রহীনং গৃহং শূন্যং সর্বশূন্য দরিদ্রতা॥ ৪৫

বিদ্যাহীন জনের জীবন শূন্যময়, বাক্ষবহীনের চারি দিক্ শূন্য হয়; পুত্র না থাকিলে তার শূন্য নিকেতন, দরিদ্রের পক্ষে শূন্য সমস্ত ভুবন। ৪৫

একমপ্যক্ষরং যং তু গুরুঃ শিষ্যং প্রবোধয়েৎ।

পৃথিব্যাং নাস্তি তদ্দ্রব্যং যদ্দত্ত্বা সোহনুনী ভবেৎ॥ ৪৬

এক বর্ণ শিখে যদি গুরুর কৃপায়, শিষ্য তাহে চির ঋণী থাকে তাঁর পায়; হেন ধন নাহি ভবে, যা দিয়া তাঁহারে, শিষ্য সেই ঋণ তাঁর শুধিবারে পারে। ৪৬

গুরুরগ্নির্দি জাতীনাং বর্ণানাং ব্রহ্মণো গুরুঃ।

পতিরেকো গুরুঃ স্ত্রীণাং সর্বত্রাহভ্যাগতো গুরুঃ॥ ৪৭

দ্বিজাতিগণের গুরু হন হতাশন, সকল বর্ণের গুরু জানিবে ব্রাহ্মণ; পতিই নারীর গুরু জানিবে নিশ্চয়,
গৃহাগত অতিথি সর্বত্র গুরু হয়। ৪৭

অতিদর্পে হতা লক্ষা অতিমানে চ কৌরবাঃ।

অতিদানে বলির্বদ্ধঃ সর্বমত্যন্তগর্হিতম্॥ ৪৮

অতিদর্পে সবংশে মরিল দশানন, অতিমানে সবংশে মরিল দুর্যোধন; অতিদানে রসাতলে বলির বন্ধন,
বাড়াবাড়ি করিলেই নিশ্চয় পতন। ৪৮

নির্গুণস্য হতং রূপং দুঃশীলস্য হতং কুলম্।

অসিদ্ধস্য হতা বিদ্যা অভোগেন গতং ধনম্॥ ৪৯

গুণ না থাকিলে রূপ নাহি শোভা পায়, দুঃশীল হইলে তার কুলমান যায়; বৃথা তার বিদ্যা, যার নাহি সদাচার।
কৃপণ যে জন, ধন বৃথাই তাহার। ৪৯

স জীবতি গুণা যস্য ধর্মো যস্য স জীবতি।

গুণধর্মবিহীনস্য জীবনং নিস্প্রয়োজনম্॥ ৫০

গুণে ধর্মে বিভূষিত হয় যেই জন, সার্থক জানিবে ভবে তাহারি জীবন; গুণহীন ধর্মহীন হয় যেই জন,
জীবনধারণে তার কিবা প্রয়োজন? ৫০

যুগান্তে প্রচলেনোরুঃ কল্পান্তে সপ্ত সাগরাঃ।

সাধবঃ প্রতিপন্নার্থ ন চলন্তি কদাচন॥ ৫১

মেরুও যুগান্তকালে হয় বিচলিত, সিন্ধুও প্রলয়কালে হয় উছলিত; কিন্তু এ জগতে সাধু মহাত্মা সকলে,
সত্য হ'তে অণুমাত্র কভু নাহি টলে। ৫১

দুর্লভং প্রকৃতং বাক্যং দুর্লভঃ ক্ষেমকৃৎ সূতঃ।

দুর্লভা সদৃশী ভার্য্যা দুর্লভঃ স্বজনঃ প্রিয়ঃ॥ ৫২

হিতকর মনোহর যথার্থ বচন, মা বাপের হিতকারী সুশীল নন্দন; মনোমত ভার্য্যা আর প্রিয় বন্ধুজন,
দুর্লভ জানিবে ভবে এ চারি রতন। ৫২

শৈলে শৈলে ন মাণিক্যং মৌক্তিকং ন গজে গজে।

সাধবো নহি সর্বত্র চন্দনং ন বনে বনে॥ ৫৩

মাণিক না মিলে কভু সকল ভূধরে, সকল করীর কস্ত মুক্তা নাহি ধরে; সব স্থানে কদাচ না মিলে সাধুজন,
সব বনে না জনমে সুরভি চন্দন। ৫৩

সাধুনাং দর্শনং পুণ্যং তীর্থভূতা হি সাধবঃ।

তীর্থং ফলতি কালেন সদ্যঃ সাদুসমাগমঃ॥ ৫৪

সাধুর দর্শনমাত্রে পুণ্য লাভ হয়, তীর্থের অধিক সাধু জানিবে নিশ্চয়; ফলিতে তীর্থের ফল বিলম্ব হইবে,
সাধু-সঙ্গ-ফল কিন্তু সদ্যই ফলিবে। ৫৪

কামধেনুগুণা বিদ্যা হ্যকালে ফলদায়িনী।

প্রবাসে মাতৃসদৃশী বিদ্যা গুপ্তং ধনং স্মৃতম্॥ ৫৫

নিজগুণে বিদ্যা কামধেনুর সমান, অকালেও অভিমত ফল করে দান; প্রবাসে পালন করে জননীর প্রায়, বিদ্যাই অমূল্য নিধি জানিবে ধরায়। ৫৫

কুলিনৈঃ সহ সম্পর্কং পণ্ডিতৈঃ সহ মিত্রতাম্।

জ্ঞাতিভিঃ সমং মেলং কুর্বাণো ন বিনশ্যতি॥ ৫৬

সম্পর্ক কুলীন সনে সদা যার হয়, পণ্ডিতের সনে যার পরম প্রণয়। জ্ঞাতির সহিত যার মিল সদা রয়, তাহার বিনাশ নাই জানিবে নিশ্চয়। ৫৬

সৎসঙ্গঃ কেশবে ভক্তির্গঙ্গাস্তসি নিমজ্জনম্।

অসারে খলু সংসারে ত্রীণি সারাণি ভাবয়েৎ॥ ৫৭

ঈশ্বরে ভকতি, সাধুসনে সম্মিলন, বিমল গঙ্গার জলে নিত্য নিমজ্জন; অসার সংসার মাঝে এই তিন সার, ইহা হ'তে শ্রেষ্ঠ সুখ কিবা আছে আর? ৫৭

ভোগার্থী চেৎ ত্যজেদ্ বিদ্যাং বিদ্যার্থী ভোগমুৎসৃজেৎ।

ভোগার্থিনঃ কুতো বিদ্যা ভোগো বিদ্যার্থিনঃ কুতঃ॥ ৫৮

বিলাসিতা যদি চাও, বিদ্যা পরিহর, বিদ্যা যদি চাও, বিলাসিতা দূর কর; কোথা তার বিদ্যালাভ? বিলাসী যে জন, কোথা তার বিলাসিতা? বিদ্যা যার পণ। ৫৮

শান্তিতুল্যং তপো নাস্তি ন সন্তোষাৎ পরং সুখম্।

ন তৃষ্ণয়াঃ পরো ব্যধির্ন চ ধর্মো দয়াপরঃ॥ ৫৯

শান্তির সমান তপ আর কিবা আছে? কিবা সুখ আছে আর সন্তোষের কাছে? তৃষ্ণার সমান ব্যাধি আর কিছু নাই। দয়ার সমান ধর্ম দেখিতে না পাই। ৫৯

দুর্বলস্য বলং রাজা বালানাং রোদনং বলম্।

বলং মূর্খস্য মৌনিত্বং চৌরাণামনৃতং বলম্॥ ৬০

নরপতি একমাত্র দুর্বলের বল, বালকগণের বল রোদন কেবল; মৌনই তাহার বল মূর্খ যেই হয়, মিথ্যাই চোরের বল জানিবে নিশ্চয়। ৬০

যো ধ্রুব্যাণি পরিত্যজ্য অধ্রুব্যাণি নিষেবতে।

ধ্রুব্যাণি তস্য নশ্যন্তি অধ্রুবং নষ্টমেব হি॥ ৬১

নিশ্চিত ছাড়িয়া যেই অনিশ্চিতে যায়; এ কুল ও কুল সেই দুকুল হারায়। ৬১

অন্নদাতা ভয়ত্রাতা কন্যাদাতা তথৈব চ।

জনিতা চোপনেতা চ পৈথগেতে পিতরঃ স্মৃতাঃ॥ ৬২

জন্মাদাতা, আর যিনি করেন পালন, বিদ্যাদাতা, কন্যাদান করেন যে জন; আর যিনি ভয় হ'তে করেন রক্ষণ, শাস্ত্রমতে পিতা হন এই পঞ্চ জন। ৬২

আদৌ মাতা গুরোঃ পত্নী ব্রাহ্মণী রাজপত্নিকা।

ধেনুর্ধাত্রী তথা পৃথ্বী সশৈতা মাতরঃ স্মৃতাঃ॥ ৬৩

জননী, গুরুর পত্নী, রাজার গৃহিণী, ব্রাহ্মণী, ধরনী, আর পালনকারিণী; পয়স্বিনী ধেনু যাঁর দুগ্ধ করি পান, এই সপ্ত মাতা, ইহা শাস্ত্রের বিধান। ৬৩

সিংহাদেকং বকাদেকং ষট্ শুনস্রীণি গর্দভাৎ।

বায়সাৎ পঞ্চঃ শিক্ষেত চত্বারি কুক্কুটাদপি॥ ৬৪

সিংহে এক, বকে এক, সারমেয়ে ছয়, গর্দভেও আছে তিন শিক্ষার বিষয়; কুক্কুটেতে আছে চারি, কাকে পাঁচ আছে, সে সব শিখিবে লোক এ সবার কাছে। ৬৪

প্রভূতমল্লং কার্য্যাং বা যো নরঃ কর্তুমিচ্ছতি।

সর্ব্বারম্ভেণ তৎ কুর্য্যাৎ সিংহাদেকং প্রকীর্তিতম্॥ ৬৫

অল্প বা বৃহৎ কার্য্য যা কিছু পড়িবে, সর্ব্বপ্রযতনে তাহা সুসিদ্ধ করিবে; কেশরীর এই গুণ দেখিবে সদাই, তাহার নিকটে ইহা শিখিবে সবাই। ৬৫

সর্বেন্দ্রিয়াণি সংযম্য বকবৎ পণ্ডিতো জনঃ।

দেশকালোপপন্নানি সর্ব্বকার্য্যাণি সাধয়েৎ॥ ৬৬

সমস্ত ইন্দ্রিয় অগ্রে করিয়া দমন, থাকিবে নিশ্চলভাবে বকের মতন; উপযুক্ত অবসর বুঝিবে যখনি, বিজ্ঞ জন নিজ কার্য্য সাধিবে তখনি। ৬৬

বহুশী স্বল্পসম্ভৃষ্টঃ সুনিদ্রঃ শীঘ্রচেতনঃ।

প্রভুভক্তশ্চ শূরশ্চ জ্ঞাতব্যঃ ষট্ শুনো গুণাঃ॥ ৬৭

বহু-ভোজনের শক্তি, স্বল্পে তুষ্ট মন, অকাতরে নিদ্রা, অতি শীঘ্র জাগরণ শৌর্য্য আর প্রভুভক্তি, এ ছয় লক্ষণ, শিখিবে কুক্কুর হ'তে করিয়া যতন। ৬৭

অবিশ্রামং বহেদ্ ভারং শীতোষ্ণং চ ন বিন্দতি।

সসন্তোষস্ততা নিত্যং ত্রীণি শিক্ষেত গর্দভাৎ॥ ৬৮

কিবা শীত কিবা গ্রীষ্ম কিছু নাহি মানে, অবিশ্রান্ত বহে ভার শান্তি নাহি জানে; গর্দভ সন্তোষে রয় সকল সময়, শিখিবে তাহার কাছে এ তিন বিষয়। ৬৮

লক্ষ্যেকদৃষ্টিতাং ধার্ষ্ট্যং কালে কালে চ সংগ্রহম্।

অপ্রমাদমনালস্যং পঞ্চঃ শিক্ষেত বায়সাৎ॥ ৬৯

পরিশ্রম, সতর্কতা, সময়ে সঞ্চয়, লজ্জাভয়-পরিহার কার্য্যের সময়; আর সদা একদৃষ্টি লক্ষ্যের উপর, কাকের এ পাঁচ গুণ শিখে বিজ্ঞ নয়। ৬৯

যুদ্ধং চ প্রাতরুথানং ভোজনং সহ বন্ধুভিঃ।

জিয়মাপদাতাং রক্ষেৎ চতুঃ শিক্ষেত কুক্কুটাৎ॥ ৭০

উষাকালে জাগরণ, শত্রুসনে রণ, স্বদলে সকলে মিলি' একত্র ভোজন; প্রাণপণে স্ত্রীজাতির বিপদ-মোচন, শিথিবে কুক্কট হ'তে চারি সুলক্ষণ। ৭০

কোহতিভারঃ সমর্থানাং কিং দূরং ব্যবসায়িনাম্।

কো বিদেশঃ সবিদ্যানাং কঃ পরঃ প্রিয়বাদিনাম্॥ ৭১

কৃতী পুরুষের কাছে কিবা গুরু ভার? ব্যবসায়ী যেই জন কিবা দূর তার? কি আছে বিদেশ তার বিদ্বান্ যে হয়? কেবা শত্রু তার যেই প্রিয়কথা কয়? ৭১

আপদাং কথিতঃ পশ্চা ইন্দ্রিরাণামসংযমঃ।

তজ্জয়ঃ সম্পদাং মার্গো যেনেষ্টং তেন গম্যতাম্॥ ৭২

সর্ব বিপদের পথ ইন্দ্রিয় দুর্দম, সর্ব সম্পদের পথ ইন্দ্রিয় সংযম। এই দুই পথ তুমি জানিও নিশ্চয়, সেই পথে চল! যাহে ইষ্টলাভ হয়। ৭২

ন চ বিদ্যাসমো বন্ধুর্ন চ ব্যাধিসমো রিপুঃ।

ন চাপত্যসমঃ স্নেহো ন চ দৈবাৎ পরং বলম্॥ ৭৩

বিদ্যার সমান মিত্র আর কেহ নাই, রোগের সমান শত্রু দেখিতে না পাই; স্নেহের সামগ্রী কেবা সন্তান-সমান, দৈব হ'তে শ্রেষ্ঠ বল নাহি বিদ্যমান। ৭৩

সমুদ্রাবরণা ভূমিঃ প্রাকারাবরণম গৃহম্।

নরেন্দ্রাবরণো দেশশ্চরিত্রাবরণাঃ স্ত্রিয়ঃ॥ ৭৪

ধরণীর আবরণ পারাবরণ, ভবনের আবরণ প্রাচীর-বেষ্টন; সমস্ত দেশের নরপতি আবরণ, রমণীর আবরণ সতীত্ব আপন। ৭৪

পরোপকরণং যেষাং জাগর্তি হৃদয়ে সতাম্।

নশ্যন্তি বিপদস্তেষাং সম্পদঃ স্যুঃ পদে পদে॥ ৭৫

পর-উপকার সদা জাগে যাঁর মনে, তিনিই যথার্থ সাধু জানিবে ভুবনে; আপদ বিপদ তাঁর কিছু নাহি রয়, পদে পদে অতুল সম্পদ লাভ হয়। ৭৫

প্রিয়বাক্যপ্রদানেষু সর্বে তুষ্যন্তি জন্তবঃ।

তস্মাৎ তদেব বক্তব্যং বচনে কিং দরিদ্রতা॥ ৭৬

কহিবে সরল মনে সুমিষ্ট বচন, সুমিষ্ট বচনে তুষ্ট হয়ে সর্ব জন; মিষ্ট কথা কহিতে ত কষ্ট কিছু নাই, তবে কেন না কহিবে মিষ্টই সদাই? ৭৬

নমস্তি ফলিনো বৃক্ষা নমস্তি গুণিনো জনাঃ।

শুক্কাষ্ঠং চ মূর্খশ্চ ভিদ্যতে ন তু নম্যতে॥ ৭৭

ফলভরে ফলবান্ বৃক্ষ নম্র হয়, নিজ গুণে গুণিগণ নম্র সদা রয়; কিন্তু শুক কাষ্ঠ আর মূর্খ যেই জন, ভাঙ্গে তবু নম্র নাহি হয় কদাচন। ৭৭

যথা খাত্বা খনিদ্রেণ ভূতলে বারি বিন্দতি।

তথা গুরুগতাং বিদ্যাং শুশ্রূষুরধিগচ্ছতি॥ ৭৮

বহু কষ্টে ভূমিতল করিলে খনন, তবে তাহা হ'তে লভে সলিল যেমন; তেমনি একান্ত ভাবে করিলে সাধন,
তবে শিষ্য গুরু হ'তে লভে বিদ্যাধন। ৭৮

অনিত্যানি শরীরাদি বিভবো নৈব শাশ্বতঃ।

নিত্যং সন্নিহিতো মৃত্যুঃ কর্তব্যো ধর্মসঞ্চয়ঃ॥ ৭৯

অনিত্য এ দেহ নাহি চিরদিন রবে, অনিত্য বিভব সব জানিবে এ ভবে, নিত্যই জানিবে মৃত্যু নিকটেই রয়,
ইহা ভাবি' কর সদা পুণ্যের সঞ্চয়। ৭৯

নাস্তি বিদ্যাসমং চক্ষুর্নাস্তি সত্যসমং তপঃ।

নাস্তি রাগসমং দুঃখং নাস্তি ত্যাগসমং সুখম্॥ ৮০

বিদ্যার সমান আর নাহিক নয়ন, সত্যের সমান নাই তপের সাধন; রাগের সমান দুঃখ আর কিছু নাই,
ত্যাগের সমান সুখ দেখিতে না পাই। ৮০

পুস্তকস্তা তু যা বিদ্যা পরহস্তগতং ধনম্।

কার্যকালে সমুৎপল্লে ন সা বিদ্যা ত তদ্ধনম্॥ ৮১

পুথিগত বিদ্যা যার, ধন পরহস্তে যার; কার্যকালে সে বিদ্যা সে ধন নহে তার। ৮১

বৃত্তেন রক্ষ্যতে ধর্মো বিদ্যা যোগেন রক্ষ্যতে।

সুনীত্যা রক্ষ্যতে রাজা সদগৃহিণ্যা তথা কুলম্॥ ৮২

সদাচার না থাকিলে ধর্ম নাহি রয়, আলোচনা না থাকিলে বিদ্যা পায় ক্ষয়; গৃহিণীর গুণ বিনা গৃহ নষ্ট হয়,
রাজার বিনয় বিনা রাজ্য নাহি রয়। ৮২

প্রাজ্ঞে নিযোজ্যমাণে হি সন্তি রাজ্ঞস্ত্রয়ো গুণাঃ।

যশঃ স্বর্গনিবাসশ্চ বিপুলশ্চ ধনাগমঃ॥ ৮৩

অতুল বৈভব আর অতুল সম্মান, পরকালে সুখময় সুরপুরে স্থান; এই তিন প্রয়োজন সিদ্ধ হয় তাঁর,
যে রাজা সুবিজ্ঞ জনে দেন কার্যভার। ৮৩

মূর্খে নিযোজ্যমাণে তু ত্রয়ো দোষা মহীপতেঃ।

অযশ্চার্থনাশশ্চ নরকে গমনং তথা॥ ৮৪

ইহকালে অপযশ আর অর্থনাশ, পরকালে ঘোরতর নরকে নিবাস; এই তিন অমঙ্গল ঘটে সে রাজার,
মূর্খের উপরে যিনি দেন কার্যভার। ৮৪

বহুভিমূর্খসংঘাতৈরন্যোন্যপশুবৃত্তিভিঃ।

প্রচ্ছাদ্যন্তে গুণাঃ সর্বে মেঘৈরিব দিবাকরঃ॥ ৮৫

পশুতুল্য কদাচার বহু মূর্খ জন, যাহারে নিয়ত থাকে করিয়া বেষ্টন; সে রাজার সব গুণ ঢাকা পড়ে যায়,
মেঘের আড়ালে সূর্য্যকিরণের প্রায়। ৮৫

বরং প্রাণপরিত্যাগো মানভঙ্গেন জীবনাৎ।

প্রাণত্যাগে ক্ষণং দুঃখং মানভঙ্গে দিনে দিনে॥ ৮৬

মান গেলে কিবা ফল ধরিয়া জীবন? তা হ'তে বরঞ্চ ভাল প্রাণ বিসর্জন; মরণ ক্ষণেকমাত্র কষ্টের কারণ,
মাননাশে চিরদিন কষ্ট অনুক্ষণ। ৮৬

সা ভার্য্যা যা শুচিদক্ষা সা ভার্য্যা যা পতিব্রতা।

সা ভার্য্যা যা পতিপ্রীতা সা ভার্য্যা যা প্রিয়ংবদা॥ ৮৭

পতিই যাঁহার ব্রত, পতিই জীবন, শুচি যাঁর দেহ মন, সুমিষ্ট বচন; সমস্ত গৃহের কার্য পরিপাটি যাঁর,
‘ভার্য্যা’-নাম যথার্থই উপযুক্ত তাঁর। ৮৭

সুভিক্ষং কৃষকে নিত্যং নিত্যং সুখমরোগিণং।

ভার্য্যা ভর্তুঃ প্রিয়া যস্য তস্য নিত্যোৎসবং গৃহম্॥ ৮৮

নিত্যই স্বচ্ছল অন্ন কৃষকের ঘরে, নিত্যই দেখিবে সুখ রোগহীন নরে; গুণবতী সতী ভার্য্যা লভে যেই জন,
নিত্যই উৎসবময় তাহার ভবন। ৮৮

হেলা স্যাৎ কার্যনাশায় বুদ্ধিনাশায় নিঃস্বতা।

যাচঞা স্যানুননাশায় কুলনাশায় কুক্ৰিয়া॥ ৮৯

অবহেলাদোষে সব কার্য হয় নাশ, দারিদ্র্যে বিনষ্ট হয় বুদ্ধির বিকাশ; ভিক্ষায় কদাচ মান নাহি রক্ষা পায়,
কুক্ৰিয়া করিলে তার কুল-কীর্তি যায়। ৮৯

সেবিতব্যো মহাবৃক্ষঃ ফলচ্ছায়াসমন্বিতঃ।

যদি দৈবাৎ ফলং নাস্তি ছায়া কেন নিবার্য্যতে॥ ৯০

ছায়া আর ফল যাহে আছে এ উভয়, সেই তরুণের সবে করিবে আশ্রয়; দৈবাৎ যদিপি ফল নাহি মিলে তায়,
সুশীতল ছায়া তার কেহ না ঘুচায়। ৯০

প্রথমে নার্জ্জিতা বিদ্যা দ্বিতীয়ে নার্জ্জিতং ধনম্।

তৃতীয়ে নার্জ্জিতং পুণ্যং চতুর্থে কিং করিষ্যতি॥ ৯১

না শিখিল বাল্যকালে বিদ্যা যেই জন, যৌবনে যে না করিল ধন-উপার্জন; না হইল বৃদ্ধকালে ধর্মকর্ম যার,
সে জন অস্তিমকালে কি করিবে আর? ৯১

ক্ষময়া দয়য়া প্রেমা সুনুতেনার্জ্জবেন চ।

বশীকুর্য্যাৎ জগৎ সর্বং বিনয়েন চ সেবয়া॥ ৯২

ক্ষমা, দয়া, সরলতা, ভক্তি, বিনয়, সর্বজীবে অকপট হৃদয়ে প্রণয়; সুনুত বচন আর পর-উপকার,
এ-সবে করিবে বশ সকল সংসার। ৯২

শীলেন হি ত্রয়ো লোকাঃ শক্যা জেতুং ন সংশয়ঃ।

ন হি কিঞ্চিদসাধ্যং বৈ লোকে শীলবতাং ভবেৎ॥ ৯৩

সুচরিত্রে সর্বলোক বশীভূত হয়; সুচরিত্রে সর্বসিদ্ধি জানিবে নিশ্চয়। ৯৩

অজরামবরৎ প্রাজ্ঞো বিদ্যামর্থং চ চিন্তয়েৎ।

গৃহীতইব কেশেষু মৃত্যুনা ধর্মমাচরেৎ॥ ৯৪

অজর অমর জ্ঞান করি আপনারে, বিজ্ঞজন বিদ্যা অর্থ চিন্তিবে সংসারে; মৃত্যু যেন কেশে আসি করেছে ধারণ,
ইহা ভাবি করিবে সে ধর্ম আচরণ। ৯৪

জ্ঞাতিভির্ব্যত্যে নৈব চৌরেণাপি ন নীয়তে।

দানেন ন ক্ষয়ং যাতি বিদ্যারত্নং মহাধনম্॥ ৯৫

জ্ঞাতিগণে নাহি পারে করিতে বণ্টন, তক্ষরেও নাহি পারে করিতে হরণ; নাহি ক্ষয়, বৃদ্ধি হয়, যত কর দান,
কি আছে অমূল্য নিধি বিদ্যার সমান? ৯৫

অনেকসংশয়চ্ছেদি পরোক্ষার্থস্য দর্শনম্।

সর্বস্য লোচনং জ্ঞানং যস্য নাস্ত্যক্ণএব সঃ॥ ৯৬

মনের সংশয় সব যে করে হরণ, পরোক্ষ বিষয় যাহে হয় দর্শন; একমাত্র সেই জ্ঞান সবার নয়ন,
সে নয়ন নাহি যার অন্ধ সেই জন। ৯৬

অন্তঃপুরে পিতৃতুল্যং মাতৃতুল্যং মহানসে।

গোষু চাত্মসমং দদ্যাৎ স্বয়মেব কৃষিৎ ব্রজেৎ॥ ৯৭

পিতৃতুল্য জনে দিবে অন্তঃপুর-ভার, মাতৃতুল্য দিবে ভার রন্ধন-শালার; গো-সেবায় নিয়োজিবে আত্মতুল্য
জন, কৃষিকার্যে আপনিই করিবে গমন। ৯৭

প্রবিচার্যোগুরং দেয়ং সহসা ন বদেৎ কুচিৎ।

শত্রোরপি গুণা গ্রাহ্যা দোষাস্ত্যাজ্যা গুরোরপি॥ ৯৮

উত্তর করিবে অগ্রে বিচার করিয়া, কহিবে সকল কথা বুঝিয়া সুঝিয়া; শত্রুতেও ভাল গুণ থাকিলে লইবে,
গুরুতেও দোষ যদি থাকে, না শিখিবে। ৯৮

নাপ্রাপ্যমভিবাঙ্গুলি নষ্টং নেচ্ছন্তি শোচিতুম্।

আপৎস্বপি ন মুহ্যন্তি নরাঃ পণ্ডিতবুদ্ধয়ঃ॥ ৯৯

না করে বাসনা যেই অসাধ্য বিষয়, বিনষ্ট বিষয়ে যার শোক নাহি হয়; বিপদেও বুদ্ধি যার স্থিরভাবে রয়,
যথার্থ পণ্ডিত সেই জানিবে নিশ্চয়। ৯৯

মনস্যন্যদ্ বচস্যন্যৎ কর্মণ্যন্যদ্ দুরাত্মনাম্।

মনস্যেকং বচস্যেকং কর্মণ্যেকং মহাত্মনাম্॥ ১০০

দুরাত্মার মনে এক, মুখে বলে আর, কাজে তার বিপরীত দেখিবে আবার; মহাত্মার মনে যাহা, বচনেও তাই,
কাজেও দেখিবে তাহা, ভিন্নভাব নাই। ১০০

আ জীবনান্তাৎ প্রণয়াঃ কোপাস্তৎক্ষণভঙ্গুরাঃ।

পরিত্যাগাশ্চ নিঃসঙ্গা ভবন্তি হি মহাত্মনাম্॥ ১০১

যাবৎ জীবন কভু টলে না প্রণয়, দৈবাৎ হ'লেও ক্রোধ ক্ষণেক না রয়, নিষ্কাম হৃদয়ে সদা স্বার্থ-বিসর্জন,
মহাত্মার এসকল জানিবে লক্ষণ। ১০১

পাপেহপ্যাপাঃ পরুষেহপ্যভিধত্তে প্রিয়াণি যঃ।

মৈত্রীদ্রবাস্তঃকরণস্তস্য স্বর্গ ইহৈব হি॥ ১০২

শত্রুর প্রতিও যাঁর মিত্র-ব্যবহার, নিষ্ঠুরভাষীর প্রতি প্রিয় বাক্য যাঁর; স্নেহরসে আর্দ্র সদা যাঁহার হৃদয়,
মর্ত্যই তাঁহার স্বর্গ জানিবে নিশ্চয়। ১০২

শোকস্থানসহস্রাণি ভয়স্থানশতানি চ।

দিবসে দিবসে মূঢ়মাধিশক্তি ন পণ্ডিতম্॥ ১০৩

এ সংসারে কত শত ভয় অগণন, সহস্র সহস্র আছে শোকের কারণ; মূঢ়ই তাহাতে নিত্য হয় আকুলিত,
পণ্ডিত কিছুতে নাহি হন বিচলিত। ১০৩

লঘূনামপি সত্ত্বানাং সমবায়ো রিপুঞ্জয়ঃ।

বর্ষাধারাধরো মেঘস্তৃণৈরপি নিবার্যতে॥ ১০৪

দুর্বল জাতিও যদি সম্মিলিত হয়, প্রবল শত্রুও তারা করে পরাজয়; আসার তৃণও যদি সম্মিলিত রয়,
প্রবল বর্ষায় ধারা নিবারে নিশ্চয়। ১০৪

হস্তস্য ভূষণং দানং সত্যং কণ্ঠস্য ভূষণম্।

কর্ণস্য ভূষণং শাস্ত্রং ভূষণৈঃ কিং প্রয়োজনম্॥ ১০৫

দানকেই কর সদা হস্তের ভূষণ, কণ্ঠের ভূষণ কর সূন্য বচন; গুরু-উপদেশ কর কর্ণের ভূষণ,
অপর ভূষণে আর কিবা প্রয়োজন? ১০৫

দানেন পার্গিন তু কঙ্কণেন স্নেন শুদ্ধিন তু চন্দনেন।

মানেন তৃপ্তিন তু ভোজনেন জ্ঞানেন মুক্তির্ন তু মুণ্ডনেন॥ ১০৬

দানেই হস্তের শোভা, না হয় কঙ্কণে, স্নানেই দেহের শুদ্ধি, না হয় চন্দনে; মানেই মনের তৃপ্তি, না হয় ভোজনে,
জ্ঞানেই জানিবে মুক্তি, না হয় মুণ্ডনে। ১০৬

তৃণং ব্রহ্মবিদঃ স্বর্গস্তৃণং শূরস্য জীবিতম্।

জিতাক্ষস্য তৃণং নারী নিস্পৃহস্য তৃণং জগৎ॥ ১০৭

তত্ত্বজ্ঞানী স্বর্গভোগ করে তৃণজ্ঞান, বীরের নিকটে প্রাণ তৃণের সমান; জিতাত্মা ইন্দ্রিয়সুখ করে তৃণজ্ঞান,
নিস্পৃহের এ জগৎ তৃণের সমান। ১০৭

যস্য নাস্তি স্বয়ং প্রজ্ঞা শাস্ত্রং তস্য করোতি কিম্।

লোচন্যভ্যাং বিহীনস্য দর্পণঃ কিং করিষ্যতি॥ ১০৮

যাহার নিজের ঘটে বুদ্ধি নাহি রয়, শাস্ত্র-উপদেশে তার কিবা ফলোদয়? দুইটি নয়নে হীন হয় যেই জন,
কি ফল তাহার কাছে ধরিয়া দর্পণ? ১০৮

BANGLADARSHAN.COM

॥সমাপ্ত॥